

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৩৮৬

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

### আরবী

عَن الغريف بن عَيَّاش الديلمي قَالَ: أَتَيْنَا وَاثِلَة بن الْأَسْقَع فَقُلْنَا: حَدَّثْنَا حَدِيثًا لَيْسَ فِيهِ زِيَادَةٌ وَلَا نُقْصَانٌ فَغَضِبَ وَقَالَ: إِنَّ أَحَدَكُمْ لَيَقْرَأُ وَمُصْحَفُهُ مُعَلَّقٌ فِي بَيْتِهِ فَيَزِيدُ وَيَادَةٌ وَلَا نُقْصَانٌ فَقُلْنَا: إِنَّمَا أَرَدْنَا حَدِيثًا سَمِعْتَهُ مِنَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم فَقَالَ: أَتَيْنَا وَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم فَقَالَ: أَتَيْنَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم فَقَالَ: هَوَالَ: (سُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم فَقَالَ: ﴿ وَالنَّسَائِي النَّارِ وَاهُ أَبُو دَاوُد وَالنَّسَائِي النَّارِ». رَوَاهُ أَبُو دَاوُد وَالنَّسَائِي النَّارِ». رَوَاهُ أَبُو دَاوُد وَالنَّسَائِي النَّارِ». رَوَاهُ أَبُو دَاوُد وَالنَّسَائِي النَّارِ اللَّهُ الله بِكُل عُضْو مِنْهُ عُضْو أَمنه من النَّارِ». رَوَاهُ أَبُو دَاوُد وَالنَّسَائِي الله بِكُل عُضْو مِنْهُ عُضْو أَمنه من النَّارِ». رَوَاهُ أَبُو دَاوُد وَالنَّسَائِي الله بِكُل عُضْو

#### বাংলা

৩৩৮৬-[৫] গরীফ ইবনু 'আইয়্যাশ আদ্ দায়লামী (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমরা ওয়াসিলাহ্ ইবনুল আসকা' (রাঃ)-এর নিকট এসে বললাম, আমাদেরকে এমন একটি হাদীস বর্ণনা করুন যার মধ্যে কমবেশির পার্থক্য যেন না হয়। (এ কথা শুনে) তিনি ভীষণ রাগস্বরে বললেন, তোমরা (নিয়মিত) কুরআন মাজীদ তিলাওয়াত কর, আর এ কুরআন মাজীদ তোমাদের ঘরেই (নখদর্পণে) ঝুলন্ত অবস্থায় বিদ্যমান থাকা সত্ত্বেও (অনিচ্ছাকৃতভাবে) কমবেশি হয়ে যায়। আমরা বললাম, আমাদের এ কথা বলা উদ্দেশ্য হলো এই য়ে, আপনি নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম থেকে যে হাদীস সরাসরি শুনেছেন (তা হুবহু আমাদেরকে বর্ণনা করুন)। তখন তিনি বললেন, (একদা) আমরা আমাদের এমন এক সাথীর ব্যাপারে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আসলাম, যে অন্য এক লোককে হত্যা করে নিজের জন্য জাহান্নাম অবধারিত করে ফেলেছিল। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমাদেরকে আদেশ করলেন, ঐ ব্যক্তির পক্ষ হতে একটি গোলাম মুক্ত করে দাও। আল্লাহ তা'আলা গোলামের প্রতিটি অঙ্গের বিনিময়ে তার (হত্যাকারীর) প্রতিটি অঙ্গকে জাহান্নামের আগুন থেকে রক্ষা করবেন। (আবূ দাউদ, নাসায়ী)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৩৯৬৪, নাসায়ী ৪৮৯১, য'ঈফাহ্ ৯০৭। কারণ এর সনদে আল গরীফ বিন আদ্ দায়লামী একজন মাজহুল রাবী।



#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَيَزِيدُ وَيَنْقُصُ 'আল্লামা ত্বীবী (রহঃ) বলেনঃ আধিক্য অর্থে বুঝানো হয়েছে কুরআন পঠনে কম-বেশী করা যাবে না। তবে হাদীস বর্ণনার ক্ষেত্রে অর্থের দিক লক্ষ্য রেখে শব্দ কম বেশী করা যেতে পারে।

وَخُوْ مِنْهُ) তথা আযাদকৃত গোলামের প্রতিটি অঙ্গের বিনিময়ে। (غُضُوْ مِنْهُ) হত্যাকারীর অঙ্গকে। (النَّارِ) আগুন হতে মুক্ত করবে। সম্ভবত নিহত লোকটি ছিল معاهد (মুআহিদ) বা নিরাপত্তাপ্রাপ্ত এবং তাকে ভুলবশতঃ হত্যা করা হয়েছিল। আর তার ওয়ালী ওয়ারিসরা এই ধারণা করেছিল যে, নিরাপত্তাপ্রাপ্ত ব্যক্তিকে ভুলবশতঃ হত্যা করলে জাহান্নাম অবধারিত। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন